# বিনোদন



## এখনও সৌমিত্র

# ‘ছোট’ ছবির বড় ভরসা

সৌমিত্র চট্টোপাধ্যায় অভিনীত নতুন ছবি ‘ভালবাসা ডটকম’ সিনেমা হলে মুক্তি পাচ্ছে আগামী শুক্রবার।

**অলোকপ্রসাদ চট্টোপাধ্যায়**

তিনি শুধু সত্যজিৎ রায়ের প্রিয় অভিনেতা নন, শুধুমাত্র অন্যধারার পরিচালকদের পছন্দের নায়কই নন, ছোট বাজেটের ছবির পরিচালকদের কাছেও বড় ভরসার নাম ছিলেন সৌমিত্র চট্টোপাধ্যায়। সেজন্যেই, তাঁর চলে যাওয়ার (১৫ নভেম্বর ২০২০) প্রায় সাড়ে চার বছর বাদেও নতুন যে ছবির পোস্টার নজরে পড়ল, সেখানে যে মুখটি সবচেয়ে বড় এবং সবচেয়ে উজ্জ্বল, সেটি সৌমিত্র চট্টোপাধ্যায়। ছবির নাম ‘ভালবাসা ডটকম’। পরিচালক শ্যামল বসু। এই ছবিতে গুরুত্বপূর্ণ চরিত্রে আছেন দীপঙ্কর দে, রাজেশ শর্মাও। আছেন নবীন শিল্পী দীপ ও মেহেরিমা। ছবিটি মুক্তি পাচ্ছে আগামী শুক্রবার ৯ এপ্রিল।

সৌমিত্র চট্টোপাধ্যায় প্রবীণ বয়সেও বাংলা ছবির অন্যতম ব্যস্ত অভিনেতা ছিলেন। নাটকের মঞ্চ তো ছিলই তাঁর হৃদয়জুড়ে।

গুরুত্বপূর্ণ সিনেমা ছাড়া অন্য অনেক ছবিতেও তাঁকে দেখা গেছে এইসময়ে। ছবির বাজেট কম, পরিচালকও তত বিখ্যাত নন, তবুও সেখানে অভিনয় করেছেন তিনি। সেটা কি শুধু টাকার জন্যে? এমন প্রশ্নও উঠেছে সেইসময়। তিনি এনিয়ে বিতর্ক পছন্দ করতেন না। বলতেন, ‘আমি পেশাদার অভিনেতা। অভিনয় করাটাই আমার কাজ।’ বোঝা যায়, ছবি নির্বাচনের ক্ষেত্রে তাঁর নিজস্ব একটা মাপকাঠি ছিল।

‘ভালবাসা ডটকম’ ছবিতে অভিনয়ের জন্যে কেন রাজি হয়েছিলেন তিনি? এছবির পরিচালক শ্যামল বসু বললেন, প্রথম কথা হল দাদা (সৌমিত্র চট্টোপাধ্যায়) আমাকে অত্যন্ত স্নেহ করতেন এবং সাপোর্ট করতেন। সেজন্যেই তাঁকে নিয়ে আমি এক ডজন ছবি করতে পেরেছি।

— এক ডজন?

পরিচালক বলেন, হ্যাঁ, আমার ইচ্ছে ছিল আমার অন্তত কুড়িটা ছবিতে উনি অভিনয় করবেন। সেই ইচ্ছে অপূর্ণই থেকে গেল। তাঁকে নিয়ে এটা আমার ১১ নম্বর ছবি। ২০২০-তে করোনার পরে আমার ছবিতেই উনি প্রথম অভিনয় করেন। এই ছবির ডাবিং অবশ্য উনি করতে পারেননি। ডাবিং করেছেন অভিনেতা বুদ্ধদেব ভট্টাচার্য।

পরিচালক শ্যামল বসুর স্পষ্ট কথা, উনি আমাদের মতো ছোট বাজেটের বড় ছবির পাশে দাঁড়াতে চাইতেন। হ্যাঁ, অবশ্যই উনি চিত্রনাট্য শুনতেন এবং নিজের চরিত্র পছন্দ হলে সম্মত হতেন। এবং অনেক সাজেশনও দিতেন, যা শ্রদ্ধার সঙ্গে আমি মেনে চলতাম।

সৌমিত্র চট্টোপাধ্যায়ের প্রবল অনুরাগী শ্যামলবাবু এ বছর ১৯ জানুয়ারি সৌমিত্র- জন্মদিন পালন করেছেন শতাধিক পথশিশু ও দুঃস্থদের জামাকাপড় উপহার দিয়ে, খাবার পরিবেশন করে। বললেন, তিনি কিন্তু ছোট বাজেটের ছবি বলে কখনও ছোট করে দেখেননি আমাদের মতো পরিচালকদের।

কয়েক মাস পরে, এই বছরই সৌমিত্র চট্টোপাধ্যায়কে নিয়ে তাঁর ১২তম ছবিটি মুক্তি পাবে বলে জানালেন পরিচালক। সেই ছবির নাম ‘শিক্ষা’। সন্দেহ নেই, এই নতুন ছবির পোস্টারেও জ্বলজ্বল করবেন সৌমিত্র চট্টোপাধ্যায়।




## শাশ্বত-কন্যা হিয়া এবার সিনেমায়

**বিনোদনের প্রতিবেদন:** শুভেন্দু চট্টোপাধ্যায়ের নাতনি অর্থাৎ শাশ্বত চট্টোপাধ্যায়ের মেয়ে হিয়া এবার সিনেমায় অভিনয় করতে চলেছেন। ফলে, এই চট্টোপাধ্যায় পরিবারের তৃতীয় প্রজন্ম এবার অভিনয়ে। পরিচালক রাহুল মুখোপাধ্যায়ের ত্রিকোণ প্রেমের গল্পের এক কোণ হচ্ছেন হিয়া। ছবির নাম ‘মন মানে না’। একই নামে প্রসেনজিৎ চট্টোপাধ্যায়, দেব দু’জনেরই ছবি রয়েছে। পরিচালকের কথায় নামটা রাখার পিছনে ওটাও একটা বড় কারণ। মুখ্য তিন চরিত্রে দেখা যাবে ঋত্বিক ভৌমিক, সৌম্য মুখোপাধ্যায় এবং হিয়া চট্টোপাধ্যায়-কে। লা’মার্টিনিয়ার ফর গার্লস স্কুল, তার পর সেন্ট জেভিয়ার্স কলেজ থেকে পড়াশোনা শেষ করার পরে অভিনয় নিয়েই চর্চা চালিয়েছেন হিয়া। ‘খাকি: দ্য বেঙ্গল চ্যাপ্টার’ খ্যাত অভিনেতা ঋত্বিক ভৌমিক এই ছবি দিয়েই বাংলা ছবিতে আত্মপ্রকাশ করছেন। অন্যদিকে সৌম্য মুখোপাধ্যায় আছেন এই ছবিতে। এই মাসের মাঝামাঝি ছবির শুটিং হবে কলকাতা ও পাহাড়ে।

# মূলধারাকে মর্যাদা দিতেন

**দুটি বাণিজ্যিক রোম্যান্টিক সিনেমা ‘পঞ্চশর’ এবং উত্তম-সুপ্রিয়া অভিনীত ‘শুন বরনারী’র নামলিপি এঁকে দিয়েছিলেন সত্যজিৎ রায়। গতকাল ২ মে ছিল তাঁর ১০৪তম জন্মদিন। তাঁকে স্মরণ।**



**সম্রাট মুখোপাধ্যায়**

বাংলা সিনেমায় ‘আর্ট হাউস’ ফিল্মের সার্থক জন্মদাতা তিনি। সত্যজিৎ রায়। ১৯৫৫-য় তাঁর ‘পথের পাঁচালী’ দিয়ে বাংলা সিনেমার চেনা পথের ফর্মুলা থেকে সরে আসা।

কিন্তু সৎ বাণিজ্যিক সিনেমা সম্পর্কে দর্শক সত্যজিৎ কখনও নেতিবাচক দৃষ্টিভঙ্গিতে ভুগতেন না। বরং বরাবর মর্যাদা দিয়ে এসেছেন মূলধারার ভাল সিনেমাকে।

সম্প্রতি ‘সন্দেশ’ পত্রিকায় কয়েক সংখ্যা জুড়ে পরপর ছাপা হয়েছে সত্যজিতের কিশোর বয়সের ডায়েরি। তাতে দেখা যায়, স্কুলে পড়ার সময় থেকেই কিশোর সত্যজিৎ হলিউডি সিনেমার নিয়মিত দর্শক ছিলেন। এখান থেকেই হয়তো তাঁর বাণিজ্যিক সিনেমার মূলধারার প্রতি শ্রদ্ধাবোধের শুরু। বিলি ওয়াইল্ডারের সিনেমার উল্লেখ করতেন বারবার। শেষ জীবনে অস্কারের ‘লাইফটাইম অ্যাচিভমেন্ট’ স্মারক হাতে নিয়েও তিনি মুগ্ধ হয়ে উল্লেখ করেছিলেন বিলির ছবির। বা থ্রিলার ছবির ক্ষেত্রে হিচককের নানা কৌশল এবং তাঁর ছবির দৈর্ঘ্যকে যে তিনি অব্যর্থ মনে করেন, সে কথারও উল্লেখ করেছেন অজস্রবার।







এসব তো গেল বাইরের কথা। ঘরের সিনেমা অর্থাৎ বাংলা সিনেমার ক্ষেত্রেও তাঁর ভাললাগার তালিকায় ছিল অনেক বাণিজ্যিক ছবিই। অজয় কর পরিচালিত ‘জিঘাংসা’র কারিগরি কাজকে তিনি আন্তর্জাতিক মানের মনে করতেন। বর্ষীয়ান পরিচালক নির্মল দে-র পারিবারিক বিনোদন ‘সাড়ে চুয়াত্তর’ নিয়েও তিনি ছিলেন উচ্ছ্বসিত।

বহু সময়ই দেখা গেছে ভিন্ন পথের পরিচালকেরা ছুঁতমার্গে ভোগেন বাণিজ্যিক সিনেমার তারকাদের সম্পর্কে। নিজেদের ‘আর্ট হাউস’ সিনেমার জন্য তাঁরা তৈরি করে নেন এক পৃথক অভিনেতা-গোষ্ঠী। বাংলায় ঋত্বিককুমার ঘটক কিংবা হিন্দিতে শ্যাম বেনেগলরা যে পথে হেঁটেছিলেন। সত্যজিৎ কিন্তু তাঁর তৃতীয় সিনেমা থেকেই পরপর ব্যবহার করে গেছেন ছবি বিশ্বাস, তুলসী চক্রবর্তী, পাহাড়ী সান্যাল, জহর রায়, অনিল চট্টোপাধ্যায়ের মতো জনপ্রিয় তারকাদের। বাংলা সিনেমার সবচেয়ে বড় তারকা উত্তমকুমার স-ইমেজ তাঁর দুটি চিত্রনাট্যের কেন্দ্রবিন্দু। সুচিত্রা সেনকে নিয়েও কাজ করতে চেয়েছিলেন ‘দেবী চৌধুরানী’ এবং ‘ঘরে বাইরে’র চিত্রনাট্যে। নানা কারণে তা হয়নি। তাঁর ছবিতে কাজ করতে করতেই বাণিজ্যিক সিনেমার তারকা হয়ে উঠেছেন সৌমিত্র চট্টোপাধ্যায়, শর্মিলা ঠাকুর, অপর্ণা সেন, রবি ঘোষেরা। তিনি কিন্তু তারপরও পরপর ব্যবহার করে গেছেন এঁদের।

তবে উদ্দেশ্যহীন মোটা দাগের আবেগবহুল বাণিজ্যিক সিনেমা সম্পর্কে তাঁর যে আপত্তিও ছিল, তা বোঝা যায় তাঁর কিছু গল্পে আর ফেলুদা-কাহিনিতে। নানা সময়ে করা নানা শ্লেষে। ‘নায়ক’ সিনেমাতেও ছিল সেই সমালোচনার ‘ডিসকোর্স’।‘বাক্স বদল’-এর মতো হালকা প্রেমের ছবির চিত্রনাট্য একসময় যেমন তিনি লিখে দিয়েছিলেন, তেমনই নামলিপি এঁকে দিয়েছিলেন অন্তত দুটি বাণিজ্যিক রোম্যান্টিক সিনেমার। একটি অরূপ গুহঠাকুরতার ত্রিকোণ প্রেমের ছবি ‘পঞ্চশর’-এর। আর এঁকে দিয়েছিলেন উত্তম-সুপ্রিয়া অভিনীত জনপ্রিয় সিনেমা ‘শুন বরনারী’র নামলিপিটি। সুবোধ ঘোষের গল্প থেকে এই সিনেমাটি বানিয়েছিলেন অজয় কর।

সাতের দশকের শেষে ‘বাবা তারকনাথ’ না-আসা পর্যন্ত তাঁর ‘গুপী গাইন বাঘা বাইন’ই ছিল বাংলা সিনেমার বক্স অফিসে সবচেয়ে বেশি বাণিজ্য করা ছবি। ‘চিড়িয়াখানা’য় ‘ফিল্ম উইদিন ফিল্ম’-এর খেলায় বানিয়ে ফেলেছিলেন পুরনো বাংলা বাণিজ্যিক সিনেমার গানের এক ক্লিপিংও। ‘ভালবাসার তুমি কী জানো!

সুস্থ বাণিজ্যের পথকে ভালবাসতেন, স্বীকার করতেন সত্যজিৎ।

TATA

## টাটা ক্যাপিটাল হাউজিং ফিনান্স লিমিটেড

রেজিস্টার্ড ঠিকানা: ফ্লোর নং ১১, টাওয়ার ‘এ’, পেনিনসুলা বিজনেস পার্ক, গণপতরাও কদম মার্গ, লোয়ার পরেল, মুম্বই- ৪০০০১৩
ব্রাঞ্চের ঠিকানা: টাটা ক্যাপিটাল হাউজিং ফিনান্স লিমিটেড, অবনী সিগনেচার, ৯১/এ/১, পার্ক স্ট্রিট, ব্লক নং ৩০২, ফ্লোর নং ৩, কলকাতা- ৭০০০১৬

**স্থাবর সম্পত্তি বিক্রির জন্য বিজ্ঞপ্তি**

**[সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৯(১) সহ পঠনীয় রুল ৮(৬) এর অধীনে]**

**সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৯(১) এবং রুল ৮(৬)-সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২-এর অধীনে স্থাবর পরিসম্পদ বিক্রির জন্য ১৫ দিনের ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি**

এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত নিম্নোক্ত ঋণগ্রহীতা এবং/সহ-ঋণগ্রহীতা বা তাঁদের আইনি উত্তরাধিকারীগণ/ প্রতিনিধিগণ (‘ঋণগ্রহীতাগণ’)-এর জ্ঞাতার্থে এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, **টাটা ক্যাপিটাল হাউজিং ফিনান্স লিমিটেড (টিসিএইচএফএল)**-এর কাছে বন্ধক রাখা নিম্নবর্ণিত স্থাবর সম্পত্তি, যা টিসিএইচএফএল-এর অনুমোদিত আধিকারিক দখল নিয়েছেন, তা নিম্নোক্ত ঋণগ্রহীতা ও সহ-ঋণগ্রহীতাগণের থেকে নীচে লেখা অনাদায়ী বকেয়া পুনরুদ্ধারের জন্য **‘যেখানে আছে’, ‘যেমন আছে’ এবং ‘যা কিছু আছে’ এবং ‘কোনও রিকোর্স ছাড়া’** ভিত্তিতে ২০.০৫.২০২৫ তারিখে বিক্রি করা হবে। সম্পত্তিগুলির সংরক্ষণ মূল্য এবং বায়না জমা (ইএমডি) এখানে নীচে উল্লেখ করা হয়েছে। এতদ্দ্বারা এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, এই বিক্রি স্থগিত রাখা/ বন্ধ করা না-হলে নিম্নবর্ণিত সম্পত্তি **২০.০৫.২০২৫ তারিখে দুপুর ২টোয় ই-নিলামের মাধ্যমে** বিক্রি করা হবে। ই-নিলামে অংশগ্রহণের জন্য নির্ধারিত ইএমডি অর্থাঙ্ক বাবদ ডিমান্ড ড্রাফ্‌ট সমেত দরপ্রস্তাব খামে ভরে মুখবন্ধ অবস্থায় সর্বশেষ **১৯.০৫.২০২৫ বিকেল ৫টার মধ্যে** টিসিএইচএফএল-এর অনুমোদিত আধিকারিকের কাছে ব্রাঞ্চের এই ঠিকানায় জমা দিতে হবে: **টাটা ক্যাপিটাল হাউজিং ফিনান্স লিমিটেড,** অবনী সিগনেচার, ৯১/এ/১, পার্ক স্ট্রিট, ব্লক নং ৩০২, ফ্লোর নং ৩, কলকাতা- ৭০০০১৬।

সুরক্ষিত পরিসম্পদ/স্থাবর সম্পত্তির বিক্রি ‘যেখানে আছে’ ভিত্তিতে আয়োজিত হবে যেগুলির তথ্য এখানে নীচে সংক্ষেপে উল্লেখ করা হয়েছে:

| ক্রম নং | লোন অ্যাকাউন্ট নম্বর | ঋণগ্রহীতা(গণ)/ সহ-ঋণগ্রহীতা(গণ)/ আইনি উত্তরাধিকারী(গণ)/ আইনি প্রতিনিধি(গণ)/ জামিনদার(গণ)-এর নাম | দাবি বিজ্ঞপ্তি অনুযায়ী বকেয়া অর্থাঙ্ক | সংরক্ষণ মূল্য | বায়না জমা | দখলের প্রকৃতি | নির্ধারিত তারিখের ভিত্তিতে বকেয়া অর্থাঙ্ক |
|---|---|---|---|---|---|---|---|
| ১. | 9582228 এবং 9942114 | শ্রী নারায়ণ চন্দ্র সাহা এবং শ্রীমতী ঝুমা সাহা | ₹১০,৬১,৭০৮/- বকেয়া এবং চুক্তি নং ৯৫৮২২২৮ এর অধীনে আপনাদের দ্বারা প্রদেয় এবং ₹৬,১৭,৭১২/- বকেয়া এবং চুক্তি নং ৯৯৪২১১৪ এর অধীনে আপনাদের দ্বারা প্রদেয় মোট ₹১৬,৭৯,৪২০/- ১৮.০৫.২০১৯ | ₹১২,৫০,০০০/- (বারো লক্ষ পঞ্চাশ হাজার টাকা মাত্র) | ₹১,২৫,০০০/- (এক লক্ষ পঁচিশ হাজার টাকা মাত্র) | বাস্তবিক | ₹১৮০১৫০৭/- বকেয়া এবং চুক্তি নং ৯৯৪২১১৪ এর অধীনে আপনাদের দ্বারা প্রদেয় এবং ₹২৫২৬১২৯/-বকেয়া এবং চুক্তি নং ৯৫৮২২২৮ এর অধীনে আপনাদের দ্বারা প্রদেয় মোট ₹৪৩২৭৬৩৬/- ২৫.০৪.২০২৫ |
| **স্থাবর সম্পত্তির বর্ণনা:** দ্বিতল বিল্ডিংয়ের দ্বিতীয় তলে (উত্তর-পূর্ব দিকে) আবাসিক ফ্ল্যাটের সমগ্র, মাপ কম বেশি প্রায় ৮৪৭ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়া, কম বেশি ৫ কাঠা জমির অংশের উপর নির্মিত, আর এস দাগ নং ৪২০ এর অংশে, অধীনস্থ আর এস খতিয়ান নং ১৩০, মৌজা আহারামপুর, জে এল নং ৩৫, থানা ঘোলা, জেলা উত্তর ২৪ পরগনা, জানা এবং চিহ্নিত মিউনিসিপ্যাল হোল্ডিং নং ২৬২, লেনিন সরণি বাই লেন, নিউ ব্যারাকপুর পুরসভার ওয়ার্ড নং ১৫ এবং উক্ত জমির চৌহদ্দি: **উত্তরে:** প্লট বি, **দক্ষিণে:** ৪ ফুট কমন প্যাসেজ, **পূর্বে:** ১৫ ফুট চওড়া পুরসভার রাস্তা, **পশ্চিমে:** ৮ ফুট চওড়া পুরসভার রাস্তা। | | | | | | | |
| ২. | 9507817 | মিঃ অচিন্ত্য চ্যাটার্জি মিসেস বৈশাখী চ্যাটার্জি | ₹১৮,৫৬,১৫২/- (আঠারো লক্ষ ছাপান্ন হাজার একশো বাহান্ন টাকা মাত্র) এবং ৩১.০৭.২০১৭ | ₹১২,৪০,০০০/- (বারো লক্ষ চল্লিশ হাজার টাকা মাত্র) | ₹১,২৪,০০০/- (এক লক্ষ চব্বিশ হাজার টাকা মাত্র) | বাস্তবিক | ₹৬২৪০৪৩৪/- (বাষট্টি লক্ষ চল্লিশ হাজার চারশো চৌত্রিশ টাকা মাত্র) এবং ২৫.০৪.২০২৫ |
| **স্থাবর সম্পত্তির বিবরণ:** স্বয়ংসম্পূর্ণ ফ্ল্যাট নং ২সি-এর অপরিহার্য সমগ্র পরিমাণ, এতে অন্তর্ভুক্ত ২টি বেডরুম, ১টি ডাইনিং রুম, ১টি কিচেন, ১টি বারান্দা, ১টি বাথরুম, ১টি প্রিভি, ছাদের অধিকার বাদে, ২ নং ফ্লোর, বিল্ডিংয়ের নাম ‘শুক্লা সদন’, সুপার বিল্ট আপ এরিয়া ৭১৮ বর্গফুট, তৎসহ বিল্ডিংয়ের নিম্নস্থিত সামান্য কমবেশি ৪ কাঠা ৪ ছটাক ১০ বর্গফুট জমির অবিভক্ত সমানুপাতিক অংশ পরিমাণ ভোগদখলের সমানাধিকার, মৌজা- মালিপাঁচঘড়া, জে এল নং ১, দাগ নং ১৪৮ ও ১৪৯, খতিয়ান নং ৬৬, হোল্ডিং নং ১৫৬, নস্করপাড়া রোড, থানা- মালিপাঁচঘড়া, জেলা- হাওড়া, ওয়ার্ড নং ৩, হাওড়া পুরনিগমের এলাকাধীন, পশ্চিমবঙ্গ। চৌহদ্দি: **উত্তর**- ফ্ল্যাট নং ২ডি; **দক্ষিণ**- ফাঁকা জায়গা; **পূর্ব**- ফ্ল্যাট নং ২বি; **পশ্চিম**- ফাঁকা জায়গা। | | | | | | | |
| ৩. | TCHH L05 000001000 84527 | মিঃ লালমুন গাংতে মিসেস কিমবোই কে গাংতে | ₹২৫,৮৫,৬২৫/- (পঁচিশ লক্ষ পঁচাশি হাজার ছশো পঁচিশ টাকা মাত্র) ১৬.০১.২০২৪ | ₹২১,০০,০০০/- (একুশ লক্ষ টাকা মাত্র) | ₹২,১০,০০০/- (দুই লক্ষ দশ হাজার টাকা মাত্র) | বাস্তবিক | ₹৩১৪২৯৮২/- (একত্রিশ লক্ষ বিয়াল্লিশ হাজার নশো বিরাশি টাকা মাত্র) এবং ২৫.০৪.২০২৫ |
| **স্থাবর সম্পত্তির বিবরণ:** একটি আবাসিক ফ্ল্যাট বিশিষ্ট স্থাবর সম্পত্তির অপরিহার্য সমগ্র পরিমাণ যার অবস্থান: ফ্ল্যাট নং ‘সি’, ফ্লোর নং ৩, ব্লক ‘II’, সুপার বিল্ট আপ এরিয়ার পরিমাপ ৮৯০ বর্গফুট, মার্বেলের মেঝে দেওয়া, এতে অন্তর্ভুক্ত ২টি বেডরুম, ১টি ড্রয়িং কাম ডাইনিং রুম, দুটি টয়লেট, ১টি বারান্দা, ১টি কিচেন, তৎসহ সামান্য কমবেশি ১০ কাঠা ৯ ছটাক ৩৯ বর্গফুট মাপের বাস্তু জমির অবিভক্ত ও অবিভাজ্য সমানুপাতিক অংশ পরিমাণ ও স্বার্থ ভোগদখলের সমানাধিকার, আর এস এবং এল আর দাগ নং ৪৩২ ও ৪৩৩, তৎসহ এর ওপর নবনির্মিত ২টি জি+৫ তলবিশিষ্ট বিল্ডিং যেগুলি দক্ষিণ দিকে ‘I’ নং ব্লক ও ‘II’ নং ব্লক হিসেবে চিহ্নিত, উত্তর পার্শ্বের বিল্ডিংটি ‘হ্যাভলক টাওয়ারস’ নামে পরিচিত যার মধ্যে একাধিক স্বয়ংসম্পূর্ণ ফ্ল্যাট, গ্যারাজ বা কার পার্কিং স্পেস, দোকান, ইউনিট, গোডাউন ইত্যাদি রয়েছে, সি এস দাগ নং ৪১৯ ও ৪২০, সি এস খতিয়ান নং ৮৪ ও ৬৯, আর এস নং দাগ নং ৪৩২ ও ৪৩৩, আর এস খতিয়ান নং ৫ ও ১২৮, এল আর দাগ নং ৪৩২ ও ৪৩৩, এল আর খতিয়ান নং ১৮৩৮/১, ৬৬৩৭, ২৩৭১/১, জে এল নং ০২, রেভিনিউ সার্ভে নং ১৪০, তৌজি নং ২৯৯৮, মৌজা- গোপালপুর, থানা- এয়ারপোর্ট, অ্যাডিশনাল ডিস্ট্রিক্ট সাব রেজিস্ট্রার- বিধাননগর (সল্ট লেক), জেলা- উত্তর ২৪ পরগনা, হোল্ডিং নং আরজিএম ৩/১৮৩ ও ৩/১৮৪, ব্লক ‘জে’, ওয়ার্ড নং ৬, বর্তমানে নং ০৩, রাজারহাট গোপালপুর পুরসভার এলাকাধীন, বর্তমানে বিধাননগর পুরনিগম, কলকাতা-৭০০১৩৬। | | | | | | | |
| ৪. | TCHHL05 000001000 61315 | সমীর দাস বুলবুলি দাস | ₹৮,৩১,০০৫/- (আট লক্ষ একত্রিশ হাজার পাঁচ টাকা মাত্র) ১২.০৪.২০২৪ | ₹৭,৫০,০০০/- (সাত লক্ষ পঞ্চাশ হাজার টাকা মাত্র) | ₹৭৫,০০০/- (পঁচাত্তর হাজার টাকা মাত্র) | বাস্তবিক | ₹১০৪৫৬৩৮/- (দশ লক্ষ পঁয়তাল্লিশ হাজার ছশো আটত্রিশ টাকা মাত্র) এবং ২৫.০৪.২০২৫ |
| **স্থাবর সম্পত্তির বিবরণ:** স্থাবর সম্পত্তির সমগ্র এবং অবিচ্ছেদ্য অংশ, প্রথম তলের দক্ষিণমুখী আবাসিক ফ্ল্যাট, মাপ সুপার বিল্ট আপ এরিয়া ৪৫০ বর্গফুট, বাসন্তী কুঞ্জনামে জি+৪ বিল্ডিংয়ে, পানিহাটি পুরসভার অধীন, ওয়ার্ড নং ১৫, সংযুক্ত হোল্ডিং নং ১০৯ বর্তমানে ১১৮ (এন), শান্তিনগর, থানা খড়দহ, এডিএসআরও ব্যারাকপুর, বর্তমানে সোদপুর, জেলা উত্তর ২৪ পরগনা। **চৌহদ্দি: পূর্বে:** সিঁড়ি, লিফট এবং অন্যান্য ফ্ল্যাট, **পশ্চিমে:** ৪ ফুট চওড়া কমন স্পেস, **উত্তরে:** খোলা কমন স্পেস, **দক্ষিণে:** ৪ ফুট চওড়া কমন স্পেস। | | | | | | | |
| ৫. | 9619567 | মিঃ শেখ মুহিউদ্দিন আলি মিসেস রেশমা মুহিউদ্দিন শেখ | ₹১৫,৩৫,১১৫.৩৪ (পনেরো লক্ষ পঁয়ত্রিশ হাজার একশো পনেরো টাকা এবং চৌত্রিশ পয়সা মাত্র) এবং ০৯.১২.২০২২ | ₹২৬,৬০,০০০/- (ছাব্বিশ লক্ষ ষাট হাজার টাকা মাত্র) | ₹২,৬৬,০০০/- (দুই লক্ষ ছেষট্টি হাজার টাকা মাত্র) | বাস্তবিক | ₹২১,৮৮,৫৫৮/- (একুশ লক্ষ অষ্টাশি হাজার পাঁচশো আটান্ন টাকা মাত্র) এবং ২৫.০৪.২০২৫ |
| **স্থাবর সম্পত্তির বিবরণ:** ‘হাসিনা টাওয়ার’ নামক বিল্ডিংয়ের থার্ড ফ্লোরে (চতুর্থ তল) দক্ষিণ-পশ্চিম অংশে ২টি বেডরুম, ১টি ডাইনিং/লিভিং, ১টি কিচেন, ২টি টয়লেট ও ১টি বারান্দা নিয়ে গঠিত সামান্য কমবেশি ৮২২ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়া বিশিষ্ট আবাসিক ফ্ল্যাট নং ‘১৭সি’, তৎসহ বিল্ডিংয়ের নিম্নস্থিত জমির অবিভক্ত সমানুপাতিক অংশ পরিমাণ এবং উক্ত প্রেমিসেসের যৌথ এলাকা, সুযোগ-সুবিধা, আনুষঙ্গিক সুবিধা ইত্যাদি ভোগদখলের সমানাধিকার সংবলিত স্থাবর সম্পত্তির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: থানা- উলুবেড়িয়া, জেলা- হাওড়া, উলুবেড়িয়া পুরসভার ২৭ নং ওয়ার্ডের এলাকাধীন। ফ্ল্যাটের চৌহদ্দি ও চতুর্সীমা: **উত্তর**- শেখ কুতুবউদ্দিনের ফ্ল্যাট নং ‘১৬সি’; **দক্ষিণ**- সরল দত্তের ফাঁকা জমি; **পূর্ব**- ফ্ল্যাট নং ‘১৮সি’; **পশ্চিম**- ওহিদুল ইসলামের ফাঁকা জমি। | | | | | | | |
| ৬. | TCHHF05 000001000 86743 এবং TCHHF05 000001000 74098 | মেসার্স রাইজিং ওয়েস্টার্ন ডান্স স্কুল মিঃ প্রবীর দাস মিঃ শ্যামল কুমার চট্টোপাধ্যায় মিসেস নমিতা চ্যাটার্জি মেসার্স রাইজিং অ্যাক্টিভিটি সেন্টার মিসেস সৌমিলি দাস | পুনর্গঠিত ঋণচুক্তি নং TCHHF05000 00100086743-এর প্রেক্ষিতে আপনাদের থেকে ₹৬৫,৬৯,৭৩৯/- বকেয়া ও আদায়যোগ্য এবং ঋণচুক্তি নং TCHHF05000 00100074098-এর প্রেক্ষিতে আপনাদের থেকে ₹১০,৩৯,৩১১/- বকেয়া ও আদায়যোগ্য অর্থাৎ, মোট বকেয়া অর্থাঙ্ক ₹৭৬,০৯,০৫০/- এবং ১০.১০.২০২২ | ₹৭৫,০০,০০০/- (পঁচাত্তর লক্ষ টাকা মাত্র) | ₹৭,৫০,০০০/- (সাত লক্ষ পঞ্চাশ হাজার টাকা মাত্র) | বাস্তবিক | পুনর্গঠিত ঋণচুক্তি নং TCHHF05000 00100086743-এর প্রেক্ষিতে আপনাদের থেকে ₹৮৮,৪৬,৭৮৪/- বকেয়া ও আদায়যোগ্য এবং ঋণচুক্তি নং TCHHF05000 00100074098-এর প্রেক্ষিতে আপনাদের থেকে ₹১৪,৬৩,৭১৮/- বকেয়া ও আদায়যোগ্য অর্থাৎ, মোট বকেয়া অর্থাঙ্ক ₹১০৩১০৫০২/- এবং ২৫.০৪.২০২৫ |
| **স্থাবর সম্পত্তির বর্ণনা:** উপরিস্থিত দোতলা বাড়ি সমেত সামান্য কমবেশি প্রায় ১ কাঠা ৮ ছটাক ১৫ বর্গফুট (বাস্তবিক পরিমাপ অনুযায়ী ১ কাঠা ৭ ছটাক ২ বর্গফুট) জমি বিশিষ্ট স্থাবর সম্পত্তির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: সি এস প্লট নং ৭ (অংশ), ৪ (অংশ), ইপি নং ৭০১, এসপি নং ৩০৮, জে এল নং ৩৩, মৌজা- রায়পুর, থানা- যাদবপুর, বর্তমানে পাটুলি, জেলা- দক্ষিণ ২৪ পরগনা, বর্তমানে মিউনিসিপ্যাল প্রেমিসেস নং ১৭০/৩৩৮, নেতাজি সুভাষচন্দ্র বোস রোড নামে পরিচিত ও চিহ্নিত, ২/৮, নেতাজি নগর হিসেবেও পরিচিত, কলকাতা পুরনিগমের ৯৮ নং পুর-ওয়ার্ডের এলাকাধীন। **দ্রষ্টব্য: ডিআরটি-III, কলকাতা সমীপে উক্ত ঋণগ্রহীতা দ্বারা টিসিএইচএফএল-এর বিরুদ্ধে দায়ের করা এসএ (এসএ/১২৫/২০২৪) মীমাংসাধীন। এই মামলায় টিসিএইচএফএল-এর বিরুদ্ধে কোনও স্থগিতাদেশ নেই।** বিড জমা দেওয়ার আগে যথাযথ সতর্কতা অবলম্বনের জন্য বিডারদের প্রতি পরামর্শ দেওয়া হচ্ছে। এই নিলাম উক্ত মামলার রায় সাপেক্ষ হবে। | | | | | | | |

এই নিলামে অংশ নিতে নিজ নিজ দরপত্র ব্যক্তিগতরূপে জমা দেওয়ার জন্য জনসাধারণের প্রতি আমন্ত্রণ জানানো হচ্ছে। এই বিক্রির সঙ্গে সম্পর্কযুক্ত বা এই বিক্রি সংক্রান্ত কাজের সঙ্গে জড়িত কোনও আধিকারিক বা অন্য কোনও ব্যক্তি প্রত্যক্ষ বা পরোক্ষভাবে বিক্রি হতে চলা এই স্থাবর সম্পত্তির কোনও স্বার্থ অধিগ্রহণ করতে পারবেন না।

এই বিক্রি সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-তে নির্ধারিত শর্তাবলি সহ নিম্নলিখিত শর্তাবলি সাপেক্ষ হবে:

**দ্রষ্টব্য: এই ই-নিলাম http://bankauctions.in/ পোর্টালের মাধ্যমে ২০.০৫.২০২৫ তারিখে দুপুর ২টো থেকে দুপুর ৩টের মধ্যে প্রতি ক্ষেত্রে ৫ মিনিটের সীমাহীন সম্প্রসারণে আয়োজিত হবে।**

**শর্ত ও নিয়মাবলি:**

১. এই তফসিলে উল্লিখিত বিবরণ নিম্নস্বাক্ষরকারীর সেরা জ্ঞান ও তথ্যানুযায়ী দেওয়া হয়েছে, তবে এই ঘোষণাপত্রে কোনও ত্রুটি, ভুল বিবৃতি বা অনুল্লেখের জন্য নিম্নস্বাক্ষরকারী কোনওভাবেই জবাবদিহি করতে বাধ্য নন। বিডের অর্থাঙ্ক বা বিডার সম্পর্কিত কোনও বিতর্ক দেখা দিলে অনুমোদিত আধিকারিকের সিদ্ধান্ত সাপেক্ষে উক্ত লটের সম্পত্তি পুনরায় নিলাম করা হবে।
২. নির্ধারিত সংরক্ষণ মূল্যের কমে সম্পত্তি বিক্রি করা হবে না।
৩. বিড বাড়ানোর মূল্য হবে ₹১০,০০০/- (দশ হাজার টাকা মাত্র)।
৪. সম্পত্তি ক্রয়ের জন্য পেশ করা প্রতিটি বিডের সঙ্গে ওপরে উল্লিখিত বায়না মূল্য (ইএমডি) বাবদ **‘TATA CAPITAL HOUSING FINANCE LTD.’**-এর অনুকূলে কাটা ও ওপরে লেখা ব্রাঞ্চের ঠিকানায় প্রদেয়মতে ডিমান্ড ড্রাফ্‌ট দিতে হবে। নিলামের পরে অসফল বিডারদের ডিমান্ড ড্রাফ্‌ট ফেরত দেওয়া হবে। এনইএফটি/ আরটিজিএস/ আইএমপিএস-এর মাধ্যমে ইএমডি প্রদানের জন্য অনুগ্রহপূর্বক অনুমোদিত আধিকারিকের সঙ্গে যোগাযোগ করুন।
৫. সর্বাধিক বিডারকে সম্পত্তির ক্রেতা ঘোষণা করা হবে এই শর্তসাপেক্ষে যে তিনি বিড করার জন্য আইনত যোগ্য এবং পাশাপাশি নির্ধারিত সংরক্ষণ মূল্য অপেক্ষা তাঁর তরফে পেশ করা বিডমূল্য কম নয়। প্রস্তাবিত বিক্রয়মূল্য স্পষ্টতই অপর্যাপ্ত মনে হলে এবং এটি গ্রহণ করা অপরামর্শসিদ্ধ হলে সর্বাধিক দরপ্রস্তাব বাতিলের অধিকার অনুমোদিত আধিকারিকের থাকবে।
৬. নথিভুক্ত কোনও কারণে অনুমোদিত আধিকারিক এই বিক্রি স্থগিত/ বন্ধ রাখার সিদ্ধান্ত নেওয়ার অধিকারী।
৭. **আগাম যোগাযোগের পরে ১৩.০৫.২০২৫ তারিখে সকাল ১১টা থেকে বিকেল ৫টার মধ্যে সম্পত্তি পরিদর্শন করা যাবে।**
৮. কোনও ব্যক্তিকে সফল ক্রেতা ঘোষণার তিনি সঙ্গে সঙ্গে বা ৪৮ ঘণ্টার মধ্যে অনুমোদিত আধিকারিকের কাছে ক্রয়মূল্যের পঁচিশ শতাংশ অর্থমূল্য জমা দেবেন এবং এরূপে অর্থ প্রদানে তিনি ব্যর্থ হলে সম্পত্তি পুনরায় নিলামের/ব্যক্তিগত চুক্তির মাধ্যমে বিক্রি করা হবে।
৯. উপরোক্তমতো প্রাথমিক অর্থাঙ্ক জমা দেওয়া হলে, ক্রয়মূল্যের বাকি অর্থাঙ্ক সফল ক্রেতা সম্পত্তির বিক্রি নিশ্চিতকরণের তারিখ থেকে ১৫তম দিনের মধ্যে (বিক্রির তারিখ বাদ দিয়ে এবং উক্ত ১৫তম দিনটি রবিবার বা কোনও ছুটির দিন হলে ১৫তম দিনের পরবর্তী অফিস চলার দিনে) অনুমোদিত আধিকারিকের কাছে জমা দেবেন।
১০. ওপরে লেখা নির্ধারিত সময়সীমার মধ্যে অর্থমূল্য প্রদানে ব্যর্থ হলে নতুন বিক্রির ঘোষণাপত্র জারির পরে/ ব্যক্তিগত চুক্তির মাধ্যমে সম্পত্তিটি পুনরায় বিক্রি করা হবে এবং খেলাপকারী ক্রেতা দ্বারা সেই তারিখ অবধি জমাকৃত যাবতীয় অর্থাঙ্ক **টাটা ক্যাপিটাল হাউজিং ফিনান্স লিমিটেড** দ্বারা বাজেয়াপ্ত করা হবে এবং খেলাপকারী ক্রেতা উক্ত সম্পত্তি বা পরবর্তীতে যে অর্থমূল্যের বিনিময়ে সম্পত্তিটি বিক্রি হবে, তার ওপর সমস্ত দাবি হারাবেন।
১১. **টাটা ক্যাপিটাল হাউজিং ফিনান্স লিমিটেড** অবগত আছে, উক্ত সম্পত্তির ওপর এমন কোনও দায়ের বিশদ তথ্য: ওপরের টেবিলে উল্লেখ মতো। আগ্রহী বিডারদের প্রতি এই পরামর্শ দেওয়া হচ্ছে যাতে তাঁরা বিধিবদ্ধ বকেয়া, বকেয়া সম্পত্তি কর, বকেয়া বিদ্যুৎ বিল ইত্যাদির মতো সম্পত্তির ওপর বিধিবদ্ধ দায়গুলি সম্পর্কে নিজেরা স্বাধীনভাবে অনুসন্ধান চালিয়ে নিঃসন্দেহ হয়ে নেন।
১২. **ই-নিলাম সম্পর্কিত বিশদ তথ্য, সহায়তা, পদ্ধতি এবং অনলাইন প্রশিক্ষণের জন্য সম্ভাব্য বিডাররা পরিষেবা প্রদানকারী সংস্থার সঙ্গে এখানে যোগাযোগ করতে পারেন: মেসার্স ৪ক্লোজার, ব্লক নং ৬০৫এ, ফ্লোর নং ৬, মৈত্রীবনম কমার্শিয়াল কমপ্লেক্স, আমিরপেট, হায়দরাবাদ-৫০০০৩৮, ই-মেল: info@bankauctions.in বা মণীশ বনসাল, ই-মেল আইডি: Manish.Bansal@tatacapital.com, অনুমোদিত আধিকারিক, মোবাইল নম্বর: ৮৫৮৮৯৮৩৬৯৬। অনুগ্রহপূর্বক আপনাদের প্রশ্ন পাঠাবেন এই হোয়াটসঅ্যাপ নম্বরে: ৯৯৯৯০৭৮৬৬৯।**
১৩. ঘোষিত সর্বাধিক বিডমূল্যের ওপর সর্বাধিক বিডারকে ১% হারে টিডিএস আদায় দিতে হবে। এই অর্থাঙ্ক সর্বাধিক বিডারকে স্বত্বাধিকারী/ঋণগ্রহীতা(গণ) এর প্যান উল্লেখ করে জমা দিতে হবে এবং চালানের প্রতিলিপি আমাদের কোম্পানিতে পেশ করতে হবে।
১৪. উপরোক্ত তথ্যগুলি বিশদে জানতে অনুগ্রহপূর্বক সুরক্ষিত ঋণদাতার ওয়েবসাইট **http://surl.li/evgygg** দেখুন।
১৫. এর পাশাপাশি অনুগ্রহপূর্বক এই লিঙ্কটিও দেখুন: **https://www.tatacapital.com/property-disposal.html**.

**অনুগ্রহপূর্বক খেয়াল রাখবেন:** এই সম্পত্তি বিক্রি/নিলামের জন্য উপরিলিখিত নিলামকারী অংশীদার ছাড়া অন্য কোনও ব্রোকার/এজেন্টকে টিসিএইচএফএল-এর তরফে নিয়োগ করা হয়নি। এই বিষয়ে যাবতীয় প্রশ্ন ও ব্যাখ্যার জন্য আগ্রহী পক্ষগণ কেবলমাত্র নিম্নস্বাক্ষরকারী বা অনুমোদিত আধিকারিকের সঙ্গে যোগাযোগ করবেন।

**স্থান: পশ্চিমবঙ্গ**
**তারিখ: ০৩.০৫.২০২৫**

**স্বাঃ- অনুমোদিত আধিকারিক**
**টাটা ক্যাপিটাল হাউজিং ফিনান্স লিমিটেড**

Arcil Premier ARC

## অ্যাসেট রিকনস্ট্রাকশন কোম্পানি (ইন্ডিয়া) লিমিটেড (এআরসিআইএল)

**মেসার্স রাজলক্ষ্মী ফ্যাশন এবং মেসার্স আদি লোকনাথ ফ্যাশন প্রাঃ লিঃ-এর সঙ্গে সম্পর্কিত আর্থিক পরিসম্পদের প্রেক্ষিতে গঠিত এআরসিআইএল-এসবিপিএস-০০১-XIII-ট্রাস্টের ট্রাস্টিরূপে অর্পিত ক্ষমতাবলে ক্রিয়ারত**

**এআরসিআইএল অফিস:** দ্য রুবি, ১০ নং ফ্লোর, ২৯, সেনাপতি বাপট মার্গ, দাদার (ওয়েস্ট), মুম্বই-৪০০০২৮
ওয়েবসাইট: **www.arcil.co.in; CIN: U65999MH2002PLC134884**

**সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৬, ৮ ও ৯-এর সংস্থানসমূহ-সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ (সারফায়েসি অ্যাক্ট)-এর অধীনে অর্পিত ক্ষমতাবলে অনলাইন ই-নিলামের মাধ্যমে সম্পত্তি বিক্রির প্রকাশ্য বিজ্ঞপ্তি**

এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ)/ বন্ধকদাতা(গণ)-এর জ্ঞাতার্থে এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২ (‘রুলস’)-এর রুল ৬, ৮ ও ৯-সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ (‘অ্যাক্ট’)-এর সংস্থানসমূহের শর্তাধীনে নীচে প্রতিটি অ্যাকাউন্টের থেকে সুরক্ষিত ঋণদাতার পাওনা ও অনাদায়ী অর্থাঙ্ক, তদুপরি উদ্ভূত সুদ, চার্জ ও মাশুল ইত্যাদি পুনরুদ্ধারের জন্য **এআরসিআইএল-এসবিপিএস-০০১-XIII-ট্রাস্টের** ট্রাস্টিরূপে অর্পিত ক্ষমতাবলে ক্রিয়ারত অ্যাসেট রিকনস্ট্রাকশন কোম্পানি (ইন্ডিয়া) লিমিটেডের (‘এআরসিআইএল’) [৮ জুলাই, ২০১৪ তারিখের রেজিস্টার্ড ভারার্পণ চুক্তি অনুযায়ী স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া দ্বারা এআরসিআইএল-এর প্রতি আর্থিক পরিসম্পদ ভারার্পণ চুক্তির প্রেক্ষিতে]-এর কাছে বন্ধক রাখা/ দায়বদ্ধ করা নিম্নলিখিত স্থাবর সম্পত্তি(গুলি) ‘যেমন আছে’, ‘যেখানে আছে’, ‘যেভাবে আছে’ ও ‘রিকোর্স ছাড়া’ ভিত্তিতে অনলাইন ই-নিলামের মাধ্যমে বিক্রি করা হবে।

| | | |
|---|---|---|
| ঋণগ্রহীতার নাম | **মেসার্স রাজলক্ষ্মী ফ্যাশন, মেসার্স আদি লোকনাথ ফ্যাশন প্রাঃ লিঃ ৮সি, নর্দার্ন অ্যাভিনিউ, ফ্লোর নং ১, কলকাতা-৭০০০৩৭; বিকল্প ঠিকানা: ২১১ বাস স্ট্যান্ড, থানা- রাজারহাট, কলরাতা-৭০০১৩৫** প্রতিনিধিত্বকারী: মিঃ নিরূপম সাহা (ডিরেক্টর), ২১১ বাস স্ট্যান্ড, থানা- রাজারহাট, কলকাতা-৭০০১৩৫; বিকল্প ঠিকানা: কামাক্ষ্যা ভবন, মৌজা- ভাতেন্দা, থানা- রাজারহাট, কলকাতা-৭০০১৩৫ মিসেস সুজাতা সাহা (ডিরেক্টর), ২১১ বাস স্ট্যান্ড, থানা- রাজারহাট, কলকাতা-৭০০১৩৫; বিকল্প ঠিকানা: কামাক্ষ্যা ভবন, মৌজা- ভাতেন্দা, থানা- রাজারহাট, কলকাতা-৭০০১৩৫ | |
| জামিনদারগণ/ সহ-ঋণগ্রহীতাগণ/ বন্ধকদাতাগণের নাম | মিঃ নিরূপম সাহা (ডিরেক্টর), ২১১ বাস স্ট্যান্ড, থানা- রাজারহাট, কলকাতা-৭০০১৩৫ মিসেস সুজাতা সাহা (ডিরেক্টর), ২১১ বাস স্ট্যান্ড, থানা- রাজারহাট, কলকাতা-৭০০১৩৫ | |
| ১০ জানুয়ারি, ২০১২ তারিখের সারফায়েসি নোটিস অনুসারে বকেয়া অর্থাঙ্ক | মেসার্স রাজলক্ষ্মী ফ্যাশন-এর লোন অ্যাকাউন্টের প্রেক্ষিতে ₹৪,৩৯,৬৮,৬৬৩.০০ (চার কোটি উনচল্লিশ লক্ষ আটষট্টি হাজার ছশো তেষট্টি টাকা মাত্র) এবং মেসার্স আদি লোকনাথ ফ্যাশন প্রাঃ লিঃ-এর লোন অ্যাকাউন্টের প্রেক্ষিতে ₹২,৯৪,৪৪,২৬৩.০০ (দুই কোটি চুরানব্বই লক্ষ চুয়াল্লিশ হাজার দুশো তেষট্টি টাকা মাত্র), ২৭ জুন, ২০১৫ অনুযায়ী + ২৮ জুন, ২০১৫ থেকে পুরো বকেয়া পরিশোধ/ আদায়ের তারিখ পর্যন্ত উদ্ভূত সুদ | |
| দখলের প্রকৃতি | সারফায়েসি অ্যাক্ট, ২০০২-এর সংস্থান অনুযায়ী ৩১ অক্টোবর, ২০১৫ তারিখে এআরসিআইএল সম্পত্তির প্রতীকী দখল নিয়েছে। | |
| পরিদর্শনের তারিখ | **অনুরোধ জানালে ব্যবস্থা করা হবে** | |
| বায়না জমা (ইএমডি) | ইএমডি অর্থাঙ্ক: ₹২,৫০,০০০.০০ (দুই লক্ষ পঞ্চাশ হাজার টাকা মাত্র)। বায়না অর্থাঙ্ক (ইএমডি) **‘Asset Reconstruction Company (India) Ltd.’, কারেন্ট অ্যাকাউন্ট নং: 02912320000561, HDFC Bank Limited, ব্রাঞ্চ: Lower Parel, Mumbai, আইএফএস কোড: HDFC0000291** বরাবরে ডিমান্ড ড্রাফ্‌ট বা আরটিজিএস-এর মাধ্যমে জমা দিতে হবে। | |
| বিড এবং ইএমডি জমার শেষ তারিখ | **০৪.০৬.২০২৫, বিকেল ৫টা বা তার আগে** | |
| সংরক্ষণ মূল্য | **₹২৫,০০,০০০.০০ (পঁচিশ লক্ষ টাকা মাত্র)** | |
| বিড বাড়ানোর মূল্য | **₹৫,০০০.০০ (পাঁচ হাজার টাকা মাত্র) এবং এর গুণিতকে** | |
| ই-নিলামের তারিখ ও সময় | **০৫.০৬.২০২৫, দুপুর ১২টা** | |
| টেন্ডার নথির লিঙ্ক | **www.arcil.co.in** | |
| এআরসিআইএল-এর জানা মামলা | **শূন্য** | |
| এআরসিআইএল-এর জানা দায়/বকেয়া | **অনুমোদিত আধিকারিকের সেরা জ্ঞান ও তথ্য অনুসারে সম্পত্তির ওপর কোনও দায় নেই। তবে, সম্পত্তিতে ভাড়াটে রয়েছে।** | |
| নিলাম হতে চলা সুরক্ষিত পরিসম্পদের বিবরণ | বন্ধক রাখা সম্পত্তির বর্ণনা | পরিমাপ: ৩ কাঠা ১০ ছটাক ২৩ বর্গফুট। উপরিনির্মিত বাড়ি সমেত সামান্য কমবেশি ৩ কাঠা ১০ ছটাক ২৩ বর্গফুট মাপের জমি, যার অবস্থান: মৌজা- ভাতেন্দা, সি এস দাগ নং ৩, আর এস দাগ হাল নং ২৩, প্লট নং ৪, জে এল নং ২৮, আর এস নং ৫০, তৌজি নং ২৯৯৮, সাবেক খতিয়ান নং ৪৯, আর এস হাল খতিয়ান নং ৫০, এল আর খতিয়ান নং ৫১৯, থানা- রাজারহাট, পরগনা- কলকাতা, সাব রেজিস্ট্রি অফিস- বিধাননগর সল্ট লেক সিটি, জেলা- উত্তর ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ। চৌহদ্দি ও চতুর্সীমা নিম্নরূপ: উত্তর- একই দাগ নম্বরের অংশ; দক্ষিণ- একই দাগ নম্বরের প্লট নং ১, ২ ও ৩; পূর্ব- ১০ ফুট চওড়া যৌথ পরিসর; পশ্চিম- একই দাগ নম্বর এবং ৮ ফুট চওড়া যৌথ পরিসর ও ড্রেন। ১৭.০১.২০০৩ তারিখের স্বত্বদলিল নং I-৩০৪ অনুসারে সম্পত্তির স্বত্বাধিকারী যৌথরূপে মিঃ নিরূপম সাহা ও মিসেস সুজাতা সাহা। |

**শর্ত ও নিয়মাবলি:**

১. সারফায়েসি অ্যাক্টের সংস্থাধীনে অনুমোদিত অফিসার দ্বারা ই-নিলামের মাধ্যমে নিলাম বিক্রয় সম্পন্ন হবে। ওয়েবসাইট www.arcil.co.in এর মাধ্যমে ‘অনলাইন ইলেকট্রনিক মোডে’ নিলাম/বিডিং হবে। ই-নিলামের ব্যবস্থাপনার সার্ভিস প্রোভাইডার এআরসিআইএল।
২. বিড নথির নিয়ম এবং শর্তাবলি এবং এর অধীনে প্রক্রিয়া অনুসারে নিলাম সম্পন্ন হবে। বিডারগণ বিড নথি, সুরক্ষিত সম্পদের বিবরণ/বিড ফর্ম পাওয়ার জন্য এআরসিআইএল-এর ওয়েবসাইট **www.arcil.co.in** এবং এআরসিআইএল-এর সার্ভিস প্রোভাইডারের ওয়েবসাইট দেখতে পারেন।
৩. বিডারগণ তাঁদের অফিস/ পছন্দের স্থান থেকে ই-নিলামের দরোল্লেখ/বিডিংয়ে অংশগ্রহণ করতে পারবেন। প্রত্যেক বিডারকে নিজ উদ্যোগে ইন্টারনেট সংযোগের ব্যবস্থা করতে হবে। ইন্টারনেট সংযোগ, নেটওয়ার্কের সমস্যা, সিস্টেম ক্র্যাশ ডাউন, বিদ্যুৎ বিচ্ছিন্ন হয়ে যাওয়া ইত্যাদির জন্য অনুমোদিত আধিকারিক/ এআরসিআইএল/ সার্ভিস প্রোভাইডার দায়ী থাকবেন না।
৪. বিশদ তথ্য, সহায়তা প্রার্থনা, প্রক্রিয়া এবং ই-নিলামের অনলাইন প্রশিক্ষণের জন্য সম্ভাব্য বিডাররা এই ব্যক্তির সঙ্গে যোগাযোগ করতে পারেন: **মিঃ কৌশিক দত্ত, মোবাইল: ৯৬৭৪৭৫৭৪৪১, ই-মেল আইডি: koushik.dutta@arcil.co.in।**
৫. উপরিলিখিত পোর্টাল **www.arcil.co.in**-তে ইচ্ছুক ক্রেতাগণ/বিডারগণকে তাঁদের নাম নথিভুক্ত করতে হবে এবং ওপরে লেখা তারিখ ও সময়ের মধ্যে ই-নিলামে অংশগ্রহণের জন্য বিনামূল্যে ইউজার আইডি ও পাসওয়ার্ড সংগ্রহ করতে হবে।
৬. সম্পত্তি পরিদর্শন বা আরও তথ্যের জন্য, সম্ভাব্য বিডাররা এই ব্যক্তির সঙ্গে যোগাযোগ করতে পারেন: **মিঃ কৌশিক দত্ত, মোবাইল: ৯৬৭৪৭৫৭৪৪১।**
৭. আগাম কোনও নোটিস ছাড়া এবং কোনও কারণ না দেখিয়ে নিলামের যে কোনও ক্ষেত্রে, অনুমোদিত আধিকারিক যে কোনও বিড/অফার গ্রহণ/বাতিল/পরিমার্জন করতে অথবা পুরো নিলাম প্রক্রিয়াটি স্থগিত রাখতে পারেন।
৮. প্রযোজ্য আইন অনুসারে তাঁর নামে/অনুকূলে সুরক্ষিত সম্পদ পাওয়ার জন্য কোনও বিধিবদ্ধ দায়, কর, প্রদেয় ফি, ক্রয়ের উপর প্রযোজ্য জিএসটি, স্ট্যাম্প ডিউটি, রেজিস্ট্রেশন ফি ইত্যাদি সফল ক্রেতা/বিডারকেই বহন করতে হবে।
৯. বিড জমার আগে আগ্রহী বিডারগণ সুরক্ষিত সম্পদের স্বত্ব, দায় এবং দাবি/অধিকার/বকেয়া-সহ বিধিবদ্ধ বকেয়া ইত্যাদি সম্পর্কে স্বাধীনভাবে অনুসন্ধান চালাবেন/ যথাযথ সাবধানতা অবলম্বন করবেন। নিলামের এই বিজ্ঞাপনটি এআরসিআইএল-এর ওপর কোনও প্রতিনিধিত্ব বা দায়বদ্ধতা গঠন করে না। তৃতীয় পক্ষের কোনও দাবি/অধিকার/বকেয়ার বিষয়ে এআরসিআইএল-এর অনুমোদিত আধিকারিক দায়ী থাকবেন না।
১০. সংবাদপত্রে প্রকাশিত নিলাম বিজ্ঞপ্তিতে বিবৃত নির্ধারিত বিবরণ নিম্নস্বাক্ষরকারীর সর্বশেষ জ্ঞান অনুসারে প্রদত্ত। এতে কোনও ভুল, ত্রুটিপূর্ণ বিবরণ বা অনুল্লেখের জন্য নিম্নস্বাক্ষরকারী দায়ী থাকবেন না।
১১. কোনও আদালত বা ট্রাইবুনালের হস্তক্ষেপ বা স্থগিতাদেশের প্রেক্ষিতে পরবর্তী কোনও ঘটনার ক্ষেত্রে এআরসিআইএল-এর প্রতি উপলব্ধ যথাযথ আইনি পরামর্শ ও আইনি প্রতিকার সাপেক্ষে এই বিক্রি প্রক্রিয়াটি বাতিল করার প্রয়োজন হলে, সংশ্লিষ্ট ক্রেতা/ বিডারকে তাঁর দেওয়া ‘ইএমডি’ ও/বা ‘বিক্রয়লব্ধ অর্থাঙ্ক’ এআরসিআইএল-এর তরফে কেবলমাত্র সুদবিহীনভাবে ফেরত দেওয়া হবে। ক্ষতি, অপচয়, মাশুল/ খরচাপাতি, কারবারি সুযোগের ক্ষতি ইত্যাদি যে কোনও কারণের প্রেক্ষিতে এআরসিআইএল বা এর আধিকারিকের বিরুদ্ধে ক্রেতা/ বিডার কোনও দাবি তোলার অধিকার ক্রেতা/ বিডারের থাকবে না।
১২. উপরোক্ত অনাদায়ী বকেয়া সম্পর্কিত ঋণগ্রহীতা/ জামিনদারগণ/ বন্ধকদাতাগণ উপরিলিখিত নিলাম বিক্রি আয়োজনের বিষয়ে এই বিক্রয় বিজ্ঞপ্তিটি সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস-এর রুল নং ৮ ও ৯ অধীনে একটি নোটিস হিসেবে গণ্য করবেন।
১৩. যে কোনও কারণেই হোক না কেন, যদি কোনওভাবে নির্ধারিত এই নিলাম প্রক্রিয়াটি ব্যর্থ হয়, সেক্ষেত্রে সারফায়েসি অ্যাক্ট, ২০০২ এবং সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৮(৫)-এর সংস্থানাধীনে অপর কোনও উপায়ে এই সুরক্ষিত পরিসম্পদ বিক্রির পূর্ণ অধিকার এআরসিআইএল-এর থাকবে।

**স্বাঃ-**
**অনুমোদিত আধিকারিক**
**অ্যাসেট রিকনস্ট্রাকশন কোম্পানি (ইন্ডিয়া) লিমিটেড**
**এআরসিআইএল-এসবিপিএস-০০১-XIII-ট্রাস্টের ট্রাস্টি**

**স্থান: কলকাতা**
**তারিখ: ৩ মে, ২০২৫**